# উপজেলা পরিষদ

## কোম্পানীগঞ্জ, সিলেট।

উপজেলা পরিষদের ৩০ তম সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি: জনাব শামীম আহমদ (শামীম)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, সিলেট।

সভার স্থান: উপজেলা পরিষদ সভা কক্ষ।

সভার তারিখ ও সময়: ২১/১০/২০২১ খ্রিস্টাব্দ, বেলা- ১২.০০ ঘটিকা।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্য: পরিশিষ্ট 'ক' ও 'খ'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী, স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিগত ০৯/০৯/২০২১ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।
অতঃপর বিভাগওয়ারি বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিভাবে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভাকে জানান যে, গত ২০/১০/২০২১ তারিখে মাছ ধরার জন্য হাওরে গেলে ০২ (দুই) জন ব্যক্তি সন্ধ্যা ৬.৩০ ঘটিকার সময় বজ্রপাতে ঘটনাস্থলেই মারা যান। তাদের তথ্য জেলা প্রশাসন বরাবর প্রেরণ করা হয়েছে। মারা যাওয়া ০২ (দুই) জন ব্যক্তিকে মানবিক সহায়তা কর্মসূচীর আওতায় প্রতিজনকে ২০,০০০/- (বিশ হাজার) টাকা করে দেয়া হয়েছে। | সভায় বজ্রপাতে মারা যাওয়া ব্যক্তিদের প্রতি শোক প্রকাশ করা হয়। বজ্রপাত থেকে রক্ষার উপায়গুলো সম্পর্কে সবাইকে সচেতন করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০২ | নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার সভাকে জানান যে, নির্বাচন কমিশনের দেয়া তফসিল মতে কোম্পানীগঞ্জের ৫টি ইউনিয়নে নির্বাচন আগামী ১১/১০/২০২১ খ্রি: তারিখে অনুষ্ঠিত হবে। সকল কেন্দ্রগুলো পরিদর্শন করা হচ্ছে যাতে কোন প্রকার সমস্যা না হয়। সুষ্ঠু ও অবাধ নির্বাচনের জন্য সকলের সহযোগীতা একান্ত প্রয়োজন। | উপজেলা নির্বাচন অফিসার কেন্দ্রগুলো নজরদারিতে রাখবেন এবং সঠিক ও বিধিমতে নির্বাচনে দায়িত্ব পালন করবেন। | উপজেলা নির্বাচন অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৩ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভাকে জানান যে, চলতি ২০২১-২০২২ অর্থ বছরে অত্র উপজেলায় ১৮-৩৫ বৎসরের বেকার যুবদের অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ৪২০ জন। স্থানীয় চাহিদার ভিত্তিতে ৩০ জনের ব্যাচ ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রশিক্ষণ গ্রহনে ইচ্ছুক বেকার যুবদেরকে প্রতিটি ইউনিয়নে অন্তত ৩০ জনের ০২টি ব্যাচ প্রশিক্ষণ প্রদানের জন্য মনোনয়ন পূর্বক তালিকা উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে প্রেরণের জন্য সকল ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। ইতিমধ্যে সেপ্টেম্বর/২১ মাসে পূর্ব ইসলামপুর ইউনিয়নে ৩০ জনের ০১টি ও পশ্চিম ইসলামপুর ইউনিয়নে ৩০ জনের ০১টিসহ মোট ০২টি ব্যাচ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। অক্টোবর/২১ মাসে আরো ০২টি ব্যাচের প্রশিক্ষণ চলছে।<br>চলতি অর্থ বছরে অত্র উপজেলার যুব উন্নয়নের প্রশিক্ষিত প্রকল্প গ্রহনকারী যুবদের ৩০ জনকে যুব ঋণ প্রদানের লক্ষমাত্রা নির্ধারিত আছে। গত আগস্ট/২০২১ মাস পর্যন্ত ০২ জনকে ঋণ প্রদান করা হয়। অবশিষ্ট ২৮ জনকে নির্ধারিত সময়ের মধ্যে ঋণ প্রদান করা হবে। প্রতি বছরের ন্যায় এবারও আগামী ১লা নভেম্বর জাতীয় যুব দিবস/২০২১ উদযাপন করা হবে। এতে সকলের অংশগ্রহণ কামনা করছি। | উপজেলা যুব উন্নয়ন অফিসার যুবদেরকে প্রয়োজনীয় প্রশিক্ষণ দিয়ে কর্মমুখী করার প্রয়োজনীয় সহায়তা করবেন। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |

০৪

উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, কোম্পানীগঞ্জ উপজেলাধীন বাৎসরিক ইজারাকৃত বাজারের উন্নয়নের জন্য হাট বাজার উন্নয়ন তহবিল থেকে মোট ২৫.০০ (পচিশ) লক্ষ টাকা বরাদ্দ হতে নিম্ন বর্ণিত বাজারগুলি উন্নয়নের লক্ষে সরেজমিন পরিমাপ গ্রহণ করে গ্রহণ পূর্বক প্রাক্কলন প্রস্তুত করায় দরপত্র আহবানসহ উন্নয়ন কাজ বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের নিমিত্তে অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হলো।

| নং | ইউনিয়নের নাম | বাজারের নাম | প্রাক্কলিত টাকা |
|---|---|---|---|
| ১ | ইসলামপুর পশ্চিম | টুকের বাজার উন্নয়ন | ১০,০০,০০০/- |
| ২ | ইসলামপুর পূর্ব | রাজনগর নতুন বাজার উন্নয়ন | ৪,০০,০০০/- |
| ৩ | তেলিখাল | তেলিখাল বাজার উন্নয়ন | ২,০০,০০০/- |
| ৪ | উত্তর রণিখাই | আদর্শ চড়ার বাজার উন্নয়ন | ৭,০০,০০০/- |
| ৫ | দক্ষিণ রণিখাই | হায়দরী বাজার উন্নয়ন | ২,০০,০০০/- |

২। উপজেলা পরিষদ ভবন -১ এর ২য় তলার বর্ধিত অংশের দুইটি রুম নিয়ে উপজেলা হিসাব রক্ষণ অফিসের কার্যক্রম চলমান আছে। কিন্তু উক্ত রুম দুইটি বিগত সময়ের কয়েকটি ভূমিকম্পে বিভিন্ন স্থানে ফাটল দেখা দেওয়ায় উক্ত বর্ধিত অংশটি ঝুকিপূর্ণ হয়ে পড়েছে বিধায় অফিসের কর্মকর্তা ও কর্মচারীগণ আতঙ্কের মধ্যে অফিসের কার্যক্রম পরিচালনা করে আসছেন। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা উক্ত ঝুকিপূর্ন রুম হতে অন্যত্র নিরাপদ স্থানে অফিস স্থানান্তরের জন্য স্মারক নং-৫৫/ইউএও/কোম্পানী/সিল/বিবিধ যোগাযোগ/২৫৩, তাং-০২/০৬/২০২১ ইং মূলে আবেদন করেন। সেই প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়সহ ২ নং ভবনটি সরেজমিনে পরিদর্শন করে দেখা যায় যে, কিছু অফিস কক্ষ ষ্টোর রুম হিসেবে ব্যবহার করা হচ্ছে। সার্বিক আলোচনাক্রমে উপজেলা হিসাবরক্ষণ অফিসটি জরুরী ভিত্তিতে স্থানান্তরের লক্ষে উপজেলা পরিষদ ভবন-২ এর ২য় তলার দুইটি কক্ষ খালি করে দেওয়ার জন্য উক্ত ভবনে অবস্থানকারী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, উপজেলা কৃষি অফিস, উপজেলা সমবায় অফিস ও উপজেলা মৎস্য অফিস এর অফিস প্রধানবৃন্দের সাথে আলোচনা করা হয় এবং পারস্পরিক সমন্বয়ের মাধ্যমে উক্ত সমস্যার সমাধানের জন্য সকলকে অনুরোধ করা হয়। কিন্তু অদ্যাবধি উক্ত কর্মকর্তাদের কাছ থেকে এই ব্যাপারে কোনরুপ পদক্ষেপ গ্রহণ করা হয় নাই। তাই উক্ত সভার মাধ্যমে উপজেলা হিসাব রক্ষণ অফিসটি জরুরী ভিত্তিতে স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় প্রস্তাব করেন।

৩। কোম্পানীগঞ্জ উপজেলাধীন এলজিইডি 'র আওতায় আরএইচডি-দলইরগাও-টাইয়াপাগলা-পুটামারা বাজার রাস্তায় ৫৬৪০.০০ মিটার চেইনেজে ঘোগড়া খালে ৪৮.০০ মিটার ব্রীজ নির্মানের জন্য নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সিলেট কর্তৃক দরপত্র আহবানের মাধ্যমে ঠিকাদার নির্বাচন করা হয়েছে। উক্ত চেইনেজে পুরাতন জড়াজীর্ণ ৩২.০০ মিটার একটি ব্রীজ রয়েছে যাহা জরুরী ভিত্তিতে অপসারণ করা প্রয়োজন। তাই পুরাতন ব্রীজটি নিলামের মাধ্যমে অপসারনের লক্ষ্যে সরেজমিন পরিমাপ গ্রহন পূর্বক উক্ত ব্রীজটি অপসারনের প্রাক্কলন ৫৮,৮৮১/-( আটান্ন হাজার আটশত একাশি) টাকা (ভাংগার খরচ ব্যতীত) প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রাক্কলনটি অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

৪। উপজেলা পরিষদ আবাসিক সাগরিকা ও সুরমা ভবনের সেপ্টি ট্যাংক পরিস্কার ও সংস্কার বাবদ ৪৫,০০০/-(পয়তাল্লিশ হাজার) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত অর্থ উপজেলা রক্ষণাবেক্ষণ তহবিল হতে পরিশোধ করা যেতে পারে।

কোম্পানীগঞ্জ উপজেলাধীন বাৎসরিক ইজারাকৃত বাজারের উন্নয়নের জন্য হাট বাজার উন্নয়ন তহবিল থেকে মোট ২৫.০০ (পচিশ) লক্ষ টাকার অনুকূলে বর্ণিত প্রকল্পসমূহ প্রস্তাবিত প্রাক্কলন অনুযায়ী অনুমোদন করা হলো।

২। আলোচ্যমতে উপজেলা পরিষদের ভবন-২ এর ২য় তলায় উপজেলা সমাজসেবা অফিসের পূর্বের দুটি রুম উপজেলা মৎস্য অফিসার ছেড়ে দিয়ে মৎস্য অফিসের পূর্বের রুমে স্থানান্তর হওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়।

৩। উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে আলোচ্য বিষয়ে পরবর্তী পদক্ষেপ নেওয়ার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়।

৪। উপজেলা পরিষদ আবাসিক সাগরিকা ও সুরমা ভবনের সেপ্টি ট্যাংক পরিস্কার ও সংস্কার বাবদ ৪৫,০০০/-(পয়তাল্লিশ হাজার) টাকা উপজেলা রক্ষণাবেক্ষণ খাত হতে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হয়।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট।

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভাকে জানান যে, অক্টোবর/২০২১ মাসে গবাদি প্রাণির টিকা প্রদান-২০৬০ মাত্রা, হাঁস মুরগীর টিকা প্রদান-১৪০০ মাত্রা, গবাদি প্রাণির চিকিৎসা-১১৪৫টি, হাঁস মুরগীর চিকিৎসা-৭৫০০টি, ডিম উৎপাদন-৯৫০০টি, রাজস্ব আয়- ৫৪৬০/-। একদিনের হাঁস/মুরগীর বাচ্চা বিতরন ১০০০টি , ঘাস উৎপাদন তিশ শতক । আত্নকর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র দূরীকরণ প্রকল্পের ছাগল, ভেড়া, হাঁস-মুরগীর ক্ষুদ্র ঋণ আদায়-ক্রমপুঞ্জি আদায় ৩,৯৯,৪৫০/-(তিন লক্ষ নিরান্নব্বই হাজার চারশত পঞ্চাশ) টাকা। | আত্মকর্মসংস্থানমূলক প্রকল্পের কার্যক্রম সুষ্ঠু তদারকিসহ গবাদি পশুর রোগ বালাই দমনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৬ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভাকে জানান যে, উপজেলা সমাজসেবা কার্যালয় হতে প্রান্তিক জনগোষ্ঠীর জরিপ কাজ পরিচালনা করা হবে। ১০টি আদি পেশা কামার, কুমার, নাপিত, বাশ ও বেতের কাজ, কাসা ও পেতলের পন্য নির্মাতা, জুতা মেরামতকারী, বাদ্যযন্ত্র প্রস্তুতকারী, নকশী কাথা, শীতলপাটি ও শতরন্ডী প্রস্তুতকারী লোকদের জরিপ করা হবে। পরবর্তীতে তাদের প্রশিক্ষণ ও আর্থিক সহায়তা করা হবে। এতে সকলের সহায়তা কামনা করেন। | তাঁর বিভাগের সকল কার্যক্রম বিধিমতে সকল ভাতা বিতরন কার্যক্রম বাস্তবায়ন করবেন। | উপজেলা সমাজসেবা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৭ | জনস্বাস্থ্য প্রকৌশল | জনস্বাস্থ্য প্রকৌশলী সভাকে জানান যে, অত্র অধিদপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহের প্রকল্পের ৭২টি সাবমারসিবল টিউবওয়েলের ৫২টির কাজ প্রায়ই শেষের দিকে এবং বাকি ২০টির বোরিং এর কাজ চলমান। হাওর প্রকল্পের আওতায় ৭৫টি সাবমারসিবল গভীর নলকূপের (সহায়ক চাদা জমা দেয়ার ভিত্তিতে) কাজ শুরু হচ্ছে। কমিউনিটি ভিত্তিক ইমপ্রুভমেন্ট টয়লেট নির্মাণ ২টা শেষ এবং একটি কাজ চলমান ছাতিরটুক জামে মসজিদে। | জনস্বাস্থ্য প্রকৌশলী তাঁর দপ্তরের কাজ বিধিমতে এবং সাইটসমূহ সরেজমিন পরিদর্শনপূর্বক বাস্তবায়ন করবেন। | জনস্বাস্থ্য প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৮ | শিক্ষা বিভাগ | উপজেলা সহকারি শিক্ষা অফিসার সভাকে জানান যে, দীর্ঘদিন বন্ধ থাকার পর গত ১২/০৯/২০২১ তারিখ থেকে বিদ্যালয়গুলো সীমিত আকারে স্বাস্থ্য বিধি মেনে খোলা হয়েছে এবং সুন্দরভাবে চলমান রয়েছে। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার স্কুলসমূহ প্রয়োজনীয় মনিটরিং করবেন। | উপজেলা শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৯ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভাকে জানান যে, কোম্পানীগঞ্জ উপজেলায় পরিবার পরিকল্পনা বিভিন্ন পদ্ধতি গ্রহীতার ৭৫.৪১%। সেপ্টেম্বর/২১ মাসে বিভিন্ন পদ্ধতি গ্রহনকারী ২১৭২৩ জন। উপজেলায় সক্ষম দম্পতির সংখ্যা-২৮৭০৩ জন্য। খাবার বড়ি ১১০২৫ জন, ইমপ্লান্ট ৬৫ জন, কনডম ১৪৫ জন। ডেলীভারী ৬ জন। পরিবার পরিকল্পনা কার্যক্রমে সকলের সহযোগীতা কামনা করেন। | পরিবার পরিকল্পনার মান সন্তোষজনক পর্যায়ে রাখতে উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১০ | মহিলা বিষয়ক বিভাগ | মহিলা বিষয়ক কর্মকর্তা (অ:দা:) সভাকে জানান যে, ইউপি নির্বাচনকে সামনে রেখে ইউনিয়ন পর্যায়ের সকল কার্যক্রম ভিজিডি কর্মসূচীর উপকারভোগীদের নিকট থেকে আদায়কৃত সঞ্চয়ের টাকা যথা নিয়মে সংশ্লিষ্ট ব্যাংক একাউন্টে জমা প্রদানপূর্বক একটি প্রতিবেদন প্রস্তুত করতে হবে। মহিলা বিষয়ক দপ্তরের মাধ্যমে পরিচালিত আইজি ও প্রশিক্ষনের আওতায় ১২ তম ব্যাচের জন্য ফ্যাশন ডিজাইন ট্রেডের জন্য ২৫ জন এবং ক্রিস্টাল শোপিস ট্রেডের জন্য ২৫ জনসহ মোট ৫০ জন প্রশিক্ষণার্থী নির্বাচন সম্পন্ন হয়েছে এবং এদের প্রশিক্ষণ চলমান রয়েছে। কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রমসহ অন্যান্য সকল কাজ সুষ্ঠু এবং স্বাভাবিকভাবে চলছে। | তাঁর বিভাগের সকল কাজ বিধিমতে সুষ্ঠুভাবে পরিচালনা করবেন। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১১ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার সভাকে জানান যে, উপজেলা সমবায় অফিসের অধীনে ২০২০-২০২১ অর্থ বছরে বিভাগীয় ১৪৭টি কার্যকর প্রাথমিক সমবায় সমিতি সমূহের বার্ষিক হিসাব নিরীক্ষা চলমান রয়েছে। বিভাগীয় ধার্যকৃত নিরীক্ষা ফি ও সমবায় উন্নয়ন তহবিল ৯৫% আদায় করত: সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে। তাছাড়া অত্র উপজেলায় সার্বিক গ্রাম উন্নয়ন প্রকল্পের যৌথ সভা ও ই-প্রশিক্ষণ বিগত ২৭/০৯/২০২১ খ্রি: তারিখে সিভিডিপি প্রকল্পের ২২৫ জন সদস্যের অংশগ্রহনে উক্ত প্রকল্পের উপ-প্রকল্প পরিচালকের সদয় উপস্থিতিতে প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। তাছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন ধরনের সমস্যা নেই। আগামী ০৬/১১/২১ খ্রি: তারিখে জাতীয় সমবায় দিবস উদযাপিত হবে। | উপজেলা সমবায় অফিসার বিধিমতে তার দপ্তরের কার্যাদি সম্পাদন করবেন। | উপজেলা সমবায় অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | বিবিধ-১ | উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, জন্ম নিবন্ধনের ক্ষেত্রে আমাদের সকলের সহযোগীতা প্রয়োজন। একটি শিশুর জন্ম নিজ দেশকে ও বিশ্বকে আইনগতভাবে জানান দেয়ার একমাত্র পথ জন্মের পর জন্মনিবন্ধন করা। নবজাতকের একটি নাম ও একটি জাতীয়তা নিশ্চিত করতে এটি হচ্ছে প্রথম আইনগত ধাপ। কোম্পানীগঞ্জ উপজেলায় শিশু জন্মনিবন্ধনের হার অনেক কম। ইউপি সচিবগণ শিশুদের প্রয়োজনীয় তথ্যের অভাবে জন্মনিবন্ধন করতে পারছেনা। উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা তাঁর হাসপাতালে টিকা নিতে আসা শিশুদের তথ্য ইউনিয়ন পরিষদে পাঠালে জন্মনিবন্ধনের হার অনেকটা বৃদ্ধি পাবে এবং পরিবার পরিকল্পনা কর্মকর্তা তার অফিসে সেবা নিতে আসা গর্ভবর্তী মায়ের তথ্য ইউনিয়ন পরিষদে পাঠালে ইউপি সচিবগণ এ বিষয়ে কাজ করতে পারবে। | শিশুদের জন্মনিবন্ধনের হার বৃদ্ধি করতে সকলে সহযোগীতা প্রয়োজন। উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা টিকা নিতে আসা শিশুদের তথ্য এবং উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার গর্ভবতী মায়েদের তথ্য প্রতি মাসে ইউনিয়ন পরিষদে প্রেরণ করবেন। বিষয়টি অতীব জরুরী। | উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা/উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৩ | বিবিধ-২ | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা সভাকে জানান যে, তথ্যকেন্দ্র থেকে গত ১৬/১০/২০২১ তারিখ থেকে অনার্স ১ম বর্ষের রিলিজ স্লিপের অনলাইন আবেদন করে দেয়া হচ্ছে। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মার্কেটপ্লেস লাল-সবুজ. কম এ গ্রামীণ উদ্যোক্তা নারীদেরকে রেজিস্ট্রেশন করা হচ্ছে। এই পর্যন্ত ৪৫ জন নারী উদ্যোক্তাকে রেজিস্ট্রেশন করে দেয়া হয়েছে। এছাড়া কোভিড ভ্যাকসিনের অনলাইন রেজিস্ট্রেশন surokkha.gov.bd তে করা হচ্ছে তথ্যকেন্দ্র থেকে। | উপজেলা তথ্যসেবা কেন্দ্রের কার্যক্রম সন্তোষজনক। সেবাগ্রহিতাদের সেবা নিতে আরো উৎসাহিত করার জন্য উপজেলা তথ্যসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৪ | বিবিধ-৩ | ডেপুটি জেনারেল ম্যানেজার, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ সভাকে জানান যে, কোম্পানীগঞ্জ উপজেলায় বকেয়া সবচেয়ে বেশী। বারবার তাগাদা দেওয়া সত্ত্বেও বকেয়া পরিশোধ করছেন না। বিল পরিশোধ করতে না পারলে গ্রীড হতে বিদ্যু সরবরাহ করাসহ নিরবচ্ছিন্ন সরবরাহ করা অসম্ভব হয়ে পড়বে। কাজেই সকলের নিকট অনুরোধ ইউনিয়ন তথ্যসেবা ও গ্রাম আনসারগণের মাধ্যমে প্রচারনা করার জন্য বিনীত অনুরোধ জানানো হইল। অবৈধ বিদ্যু ব্যবহার হতে বিরত থাকাসহ দুর্ঘনা এরানোর অনুরোধ করা হল। আগামী ১১/১১/২০২১ ইং ইউনিয়ন পরিষদ নির্বাচন। উক্ত নির্বাচনের পূর্বে ভোট কেন্দ্রের তালিকা সরবরাহের অনুরোধ করা হলো। | আগামী ১১/১১/২০২১ ইং তারিখে ইউনিয়ন পরিষদ নির্বাচনে যেন বিদ্যুতের কোন সমস্যা না হয় সে বিষয়ে ডেপুটি জেনারেল ম্যানেজার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ডেপুটি জেনারেল ম্যানেজার, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ , কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৫ | বিবিধ-৪ | পল্লী দারিদ্র বিমোচন অফিসার সভাকে জানান যে, কোভিড-১৯ প্রণোদনা ঋণ বিতরণ শুরু হয়েছে। ইতিমধ্যে মোট ১৭ (সতের ) লক্ষ টাকা বিতরণ করা হয়েছে। টাকা প্রাপ্তি সাপেক্ষে আরও বিতরণ করা হবে। প্রতি ব্যাচে ২৫ জন করে মোট ৪টি ব্যাচে ১০০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হবে। তাছাড়া ক্ষুদ্র ঋন, স্বল্প ঋণ, চাকুরীজীবী ঋণ, কোভিড-১৯ প্রণোদনা ঋণ নারী উদ্যোক্তা ঋণ অত্র অফিস থেকে প্রদান করা হচ্ছে। | পল্লী দারিদ্র বিমোচন অফিসার তাঁর দপ্তরের সার্বিক কার্যাবলি বিধিমতে পরিচালনা করবেন। | পল্লী দারিদ্র অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৬ | বিবিধ-৫ | ভাইস চেয়ারম্যান (মহিলা) সভাকে জানান যে, দাপ্তরিক কাজ সম্পাদনের জন্য তাঁর কোন অফিস কক্ষ নেই। উপজেলা পরিষদ ম্যানুয়েলে উল্লেখ রয়েছে যে, উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা)কে বাথরুমযুক্ত একটি রুম বরাদ্দ দেয়ার জন্য। উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা) বাথরুমসহ একটি অফিস কক্ষের জন্য সভায় অনুরোধ করেন। | উপজেলা প্রকৌশলী, উপজেলা কৃষি অফিসার, উপজেলা মৎস্য অফিসার ও উপজেলা সমবায় অফিসার আলোচ্য বিষয়ে উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা) এর জন্য বাথরুমসহ একটি অফিস কক্ষের ব্যবস্থা নিশ্চিত করবেন। | উপজেলা প্রকৌশলী/ উপজেলা কৃষি অফিসার/ উপজেলা মৎস্য অফিসার/উপজেলা সমবায় অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | বিবিধ-৬ | উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, পিয়াইন ভবনের মটর নষ্ট হওয়াতে জরুরী ভিত্তিতে একটি নতুন মটর ক্রয় করে সংযোগ করা হয় । যাতে ব্যয় হয়েছে ১১,৬০০/-(এগার হাজার ছয়শত) টাকা এবং পিয়াইন ভবনে ৪ নং বাসার বাথরুমের লাইন মেরামত বাবদ ৯,৮০০/-(নয় হাজার আটশত) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত অর্থ উপজেলা রক্ষণাবেক্ষণ তহবিল হতে পরিশোধ করা যেতে পারে। | পিয়াইন ভবনের নতুন মটর সংযোগ বাবদ ১১,৬০০/-(এগার হাজার ছয়শত) টাকা এবং পিয়াইন ভবনে ৪ নং বাসার বাথরুমের লাইন মেরামত বাবদ ৯,৮০০/-(নয় হাজার আটশত) টাকা উপজেলা রক্ষণাবেক্ষণ তহবিল হতে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

শামীম আহমদ (শামীম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, সিলেট।

স্মারক নং-০৫.৬০.৯১২৭.০০৫.৩৫.০০২-১১-১০১৭ (৪৫)

তারিখঃ ২১ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ।

অনুলিপিঃ সদয় অবগতি/কার্যার্থে।

১। জনাব ইমরান আহমদ এমপি, সিলেট-৪ ও মাননীয় মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৫। জেলা প্রশাসক, সিলেট।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট।
৭। জেলা........................................অফিসার, সিলেট।
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট।
৯। চেয়ারম্যান.................................ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট।
১০।..............................................কোম্পানীগঞ্জ, সিলেট।

২১/১০/২০২১

সুমন আচার্য
উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, সিলেট।

উপস্থিত সদস্য: উপস্থিতির ক্রমানুসারে। পরিশিষ্ট 'ক'

| নং | নাম | পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মো: লাল মিয়া | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০২ | জনাব আয়শা বেগম | ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৩ | কাজী আ: অদুদ আলফু মিয়া | চেয়ারম্যান, তেলিখাল ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৪ | জনাব শাহ মো: জামাল উদ্দিন | চেয়ারম্যান, ১ নং পশ্চিম ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৫ | জনাব মো: বাবুল মিয়া | চেয়ারম্যান, ইসলামপুর পূর্ব ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৬ | জনাব মো: কুটি মিয়া | চেয়ারম্যান, ইছাকলস ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৭ | জনাব জনি রঞ্জন দে | উপজেলা সমাজসেবা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৮ | জনাব মাকসুদা ইয়াসমিন | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৯ | জনাব মো: জসিম উদ্দিন | বন কর্মকর্তা, উপজেলা বন বিভাগ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১০ | জনাব মো: শাহিদুল ইসলাম | উপজেলা সহকারি শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১১ | জনাব মোঃ বদিউজ্জামান আহমদ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১২ | জনাব মো: পারভেজ খান | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কোম্পানীগঞ্জ,সিলেট। |
| ১৩ | জনাব সজল কান্তি তালুকদার | উপজেলা সমন্বয়কারী, আবাআখা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৪ | জনাব মো: ওয়াজেদ আলী | পল্লী দারিদ্র বিমোচন অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৫ | জনাব মো: সিরাজুল ইসলাম | ডেপুটি জেনারেল ম্যানাজার, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ |
| ১৬ | জনাব বিদ্যুৎ কান্তি দাস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৭ | জনাব সৌমিত্র কর্মকার | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (অ:দা:), কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৮ | জনাব মো: আজিজুল হক | উপজেলা সমবায় অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৯ | জনাব রোখসানা আক্তার রত্না | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২০ | ডা: মো: শরীফুল আলম | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২১ | জনাব মো: মিজানুর রহমান | আনসার ও ভিডিপি কর্মকর্তা (ভা: প্রা:), কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২২ | জনাব বনজু কুমার সিংহ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৩ | জনাব মোঃ আব্দুল মান্নান | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৪ | ডা: আরিফুল ইসলাম | মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৫ | জনাব মো: শাহ আলম | উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৬ | জনাব মো: মোস্তাফিজুর রহমান | কৃষি সম্প্রসারণ অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৭ | জনাব ফরিদ উদ্দিন | চেয়ারম্যান, উত্তর রণিখাই ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৮ | জনাব জিবুন্নাহার বেগম | উপজেলা নির্বাচন অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |

পরিশিষ্ট 'খ' অনুপস্থিতঃ

১। চেয়ারম্যান, দক্ষিণ রণিখাই ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট।
২। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার (অ:দা), কোম্পানীগঞ্জ, সিলেট।
৩। উপজেলা পরিসংখ্যান অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট।

উপজেলা পরিষদের ৩০ তম সভা

তারিখ:- ২১।১০।২০২২ইং

3½ সময়:-

| ক্রমিক | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | মো: [illegible] | | [signature] |
| ২. | আয়েশা বেগম | | [signature] |
| ৩. | কাজী মো: আব্দু[illegible] | চেয়ারম্যান, [illegible] | [signature] ২১।১০।২২ |
| ৪. | মো: [illegible] | | [signature] |
| ৫. | মো: মামুন [illegible] | 01922 [illegible] | [signature] |
| ৬. | মো: [illegible] চেয়ারম্যান | ০১৭২২৬৯৬৬৬০ | [signature] |
| ৭. | প্রদীপ কুমার দে USEO | ০১৭২০০৭৭৭৪৫ | [signature] |
| ৮. | [illegible] OFA | 01743921054 | [signature] |
| ৯. | মো: [illegible] | [illegible] ০১৭৩৭[illegible] | [signature] |
| ১০. | মো: সাইফুল ইসলাম সহ. উপজেলা শিক্ষা | সহকারী উপজেলা শিক্ষা অফিসার | [signature] |
| ১১. | [illegible] | VS[illegible] | [signature] |
| ১২. | মো: পারভেজ খান | SAE, DPHE | [signature] |
| ১৩. | সজল কান্তি তালুকদার | উপজেলা সমাজসেবা অফিসার | [signature] |
| ১৪. | মোছাঃ [illegible] আক্তার | SWDBO (P.D.B.F) | [signature] |
| ১৫. | মো: সাইদুল ইসলাম | ডি জি এম পল্লী বিদ্যুৎ | [signature] |
| ১৬. | বিপ্লব জ্যোতি দাস | UPIO, [illegible] | [signature] |
| ১৭. | [illegible] | UWAO, [illegible] | [signature] |
| ১৮. | মো: জাহিদুল হক | উপজেলা সমবায় অফিসার | [signature] |
| ১৯. | [illegible] | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা | [signature] |
| ২০. | ডা:- মো: শফিকুল আলম | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | [signature] |
| ২১. | মো: মিজানুর রহমান | আনসার ও ভিডিপি কর্মকর্তা | [signature] |
| ২২. | বসন্ত কুমার সিংহ | OCLSD খাদ্য গুদাম | [signature] |
| ২৩. | মো: আব্দুল মান্নান | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | [signature] |
| ২৪. | ডা. আরিফুল ইসলাম [illegible] | মেডিকেল অফিসার | [signature] |
| ২৫. | মো: শাহ আলম | UOE | [signature] |
| ২৬. | মো: মোস্তাফিজুর রহমান | AEO | [signature] |
| ২৭. | [illegible] | চেয়ারম্যান | [signature] ২১।১০।২২ |
| ২৮ | জিন্নাতারা বেগম | UEO | |
| ২৯. | ~~মো: [illegible]~~ | | |
| ৩০ | | | |